(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ভোকেশনাল (পরীক্ষা) শাখা
www.bteb.gov.bd

নম্বর ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.০০২.১৮.৭০ তারিখ ৫ কার্তিক ১৪২৬
২১ অক্টোবর ২০১৯

বিজ্ঞপ্তি

বিষয়: **এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২০ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বোর্ডের এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা ২০২০ এর Online এ ফরম পূরণ ও প্রয়োজনীয় ফি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো।

০১. পরীক্ষার্থীদের প্রতিষ্ঠানভিত্তিক সম্ভাব্য তালিকা (Probable list) আগামী ২০/১০/২০১৯ খ্রি. হতে ০৭/১১/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) পাওয়া যাবে। পরীক্ষায় অংশগ্রহণ ইচ্ছুক শিক্ষার্থীদেরকে নির্ধারিত ফি জমা দিয়ে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অন-লাইনে ফরম পূরণ করতে হবে। পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা যথারীতি বোর্ডের Website -এ প্রকাশ করা হবে।

১.১ প্রতিষ্ঠানসমূহকে বোর্ডের Website এ প্রবেশ করে 'ফরম ফিলাপ' এর 'এসএসসি পর্যায়' ক্লিক করে SSC/DAKHIL VOC X Form Fillup-2020 এ ক্লিক করে প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড ব্যবহার করে Login করে Probable list পাওয়া যাবে। উক্ত List থেকে টিক চিহ্ন দিয়ে পরীক্ষার্থী Select করে Submit এ ক্লিক করে ফরম পূরণ সম্পন্ন করতে হবে। Final List প্রিন্ট করে পরীক্ষার্থীদের সঠিক তথ্য যাচাই পূর্বক নিশ্চিত হয়ে তাদের স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

১.২ যাবতীয় নির্দেশাবলির আলোকে অন-লাইনে ফরম পূরণ করতে হবে। অন-লাইনে ফরম ফিলাপ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮ নম্বরে যোগাযোগ করা যাবে।

১.৩ উল্লিখিত নির্ধারিত তারিখের পরে প্রতিষ্ঠান কর্তৃক ফরম ফিলাপের কোন ধরনের সুপারিশ বোর্ডে প্রেরণ করা যাবে না ।

১.৪ ফরম ফিলাপ সংক্রান্ত বিষয়ে কোনক্রমেই কোন শিক্ষার্থী/অভিভাবককে বোর্ডে পাঠানো যাবে না ।

১.৫ যে সকল পরীক্ষার্থীর তথ্য Probable list এ থাকবে না, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে নির্দিষ্ট বাটনে (Please Send Student Information) ক্লিক করে তাদের তথ্য পূরণ করতে পারবে। প্রদানকৃত তথ্য যাচাইপূর্বক তা সঠিক হলে Probable list এ আপলোড করা হবে। প্রতিষ্ঠান কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে ফরম পূরণ করা যাবে। উল্লেখ্য, এ ক্ষেত্রে বোর্ডে আসার প্রয়োজন নেই।

১.৬ প্রতিষ্ঠান প্রধানগণ বৈধ পরীক্ষার্থীর তালিকা ইংরেজীতে টাইপ করে (হার্ড কপি ও সফট কপি) সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবকে প্রবেশপত্র গ্রহণের ন্যূনতম ৩ (তিন) দিন পূর্বে সরবরাহ করবেন।

১.৭ ধারাবাহিক পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না।

০২. ফরম পূরণের ফি সংক্রান্ত তথ্য:

২.১ সময়: বিলম্ব ফি ছাড়া ২০/১০/১৯ খ্রি. হতে ০৪/১১/১৯ খ্রি. পর্যন্ত এবং বিলম্ব ফিসহ ০৫/১১/১৯ খ্রি. হতে ০৭/১১/১৯ খ্রি. পর্যন্ত ।

২.২ পরীক্ষা ও অন্যান্য ফিসের বিবরণ:

ক্রমিক নং	বিবরণ	হার	মন্তব্য
১.	পরীক্ষার ফি	৪০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%

২.	নম্বর পত্র ফি	৬০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৩.	সনদপত্র ফি	১০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৪.	বাস্তব প্রশিক্ষণ ফি	১২০.০০	বোর্ডের প্রাপ্য ৭০/- প্রতিষ্ঠান ৫০/-
৫.	সংযোগ রক্ষাকারী ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৬.	বিলম্ব ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	৩০০.০০	বোর্ডের প্রাপ্য ১০০%
৭.	কেন্দ্র ফি	৪৫০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৮.	ব্যবহারিক কেন্দ্র ফি	১০০.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%
৯.	ব্যবহারিক ফি ৭ বিষয় (ঐচ্ছিক বিষয় সহ)	১৭৫.০০	কেন্দ্রের প্রাপ্য ১০০%

২.৩ উল্লিখিত ফি এর মধ্যে নিয়মিত পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি, নম্বরপত্র ফি, বাস্তব প্রশিক্ষণ ফি ও সনদপত্র ফি বাবদ মোট (৪০০+৬০+৭০+১০০) = ৬৩০.০০ (ছয়শত ত্রিশ টাকা) এবং অনিয়মিত পরীক্ষার্থীদের নিকট থেকে পরীক্ষার ফি ও নম্বরপত্র ফি বাবদ (৪০০+৬০)= ৪৬০/- (চারশত ষাট) টাকা হারে আদায় করতে হবে।

২.৪ ১১/১১/১৯ খ্রি. হতে ১৪/১১/১৯ খ্রি. পর্যন্ত সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দিতে হবে।

ফরম পূরণের টাকা জমা দেয়ার নিয়ম (১০.০ অনুচ্ছেদ এ Flow Chart এ বিস্তারিত উল্লেখ আছে):

i) ফরম পূরণ সম্পন্ন করার পর Payment Summary তে ক্লিক করে Online Payment এর তথ্যে যেতে হবে।

ii) Payment Summary এর নিচে "Click for Online Payment" এ ক্লিক করে Security PIN নম্বর সংগ্রহ করতে হবে। (যারা পূর্বে সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি অনলাইনে জমা দেয়নি)

iii) Security PIN নম্বর এর নিচে "Click here for Online Payment Registration" এ ক্লিক করে উক্ত PIN নম্বর ব্যবহার করে Registration করতে হবে। এরপর SIGN UP এ ক্লিক করতে হবে। (নতুন ব্যবহারকারীদের জন্য)

iv) নতুন Password ও প্রতিষ্ঠান কোড ব্যবহার করে LOGIN করতে হবে।

v) আগত Page এর উপরের মেন্যু থেকে Institute Payment এ ক্লিক করতে হবে।

vi) Curriculum, Fee Type ও Service *Select* করে Voucher প্রিন্ট করতে হবে।

vii) Print এ ক্লিক করে "BTEB counter Payment Voucher" সংগ্রহ করে নিকটস্থ সোনালী ব্যাংকে ফরম পূরণের টাকা জমা প্রদান করতে হবে।

viii)"Institute Payment Search" এ ক্লিক করে টাকা জমার বিষয়ে নিশ্চিত হতে হবে।

২.৫ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত টাকা থেকে পরীক্ষার্থীদের ধারাবাহিক মূল্যায়ণ (TC, PC) সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট শিক্ষকদের সম্মানি বাবদ ১.৫০ টাকা হারে রেখে বাকী টাকা কেন্দ্রকে প্রদান করতে হবে। কেন্দ্র ফি ও ব্যবহারিক ফি কেন্দ্রে জমা থাকবে। প্রযোজ্য ক্ষেত্রে সংযোগরক্ষাকারী ফি, বিলম্ব ফি যথারীতি বোর্ডে সমর্পন করতে হবে। বাস্তব প্রশিক্ষণ ফি বাবদ আদায়কৃত ১২০.০০ (একশত বিশ) টাকার অবশিষ্ট ৫০.০০ (পঞ্চাশ) টাকা বোর্ড প্রদত্ত নীতিমালা অনুসারে এতদসংক্রান্ত কাজে ব্যয় করা যাবে। বোর্ড হতে বাস্তব প্রশিক্ষণ বহি সরবরাহ করা হবে। কেন্দ্র ফি ও ব্যবহারিক কেন্দ্র ফি বোর্ডের নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্টদের মধ্যে বিতরণ করতে হবে।

২.৬ নির্ধারিত তারিখে অন লাইনে ফরম ফিলাপ সংক্রান্ত কাজসহ টিসি, পিসি, পিএফ, আইএ নম্বর জমা দিতে ব্যর্থ হলে এবং ফলাফল প্রকাশে জটিলতা দেখা দিলে তার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ কেন্দ্র সচিবকে বহন হবে।

২.৭ টিসি, পিসি, পিএফ, আইএ নম্বর প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কেন্দ্র সচিবগণ কতজন শিক্ষার্থী কৃতকার্য ও কতজন শিক্ষার্থী অকৃতকার্য তা নিশ্চি হয়ে হার্ড কপিতে স্বাক্ষর করতে হবে।

৩. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অবশিষ্ট অর্থ (কেন্দ্র/প্রতিষ্ঠান কর্তৃক ব্যয়যোগ্য) বন্টন বিবরণঃ

৩.১ লিখিত পরীক্ষা আরম্ভ হওয়ার ১ (এক) সপ্তাহ পূর্বে কেন্দ্রাধীনস্ত প্রতিষ্ঠান অবশ্যই সংশিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে নগদ/ব্যাংক ড্রাফটের মাধ্যমে কেন্দ্র ফি-বাবদ টাঃ ৪৫০/-, ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি-বাবদ টাঃ ১০০/- ও ব্যবহারিক পরীক্ষার ফি-বাবদ আদায়কৃত ১৭৫/- প্রতিষ্ঠান হতে প্রেরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান হতে কেন্দ্র ফি ও ব্যবহারিক পরীক্ষার ফি যথাসময়ে কেন্দ্রে পরিশোধ না করার অভিযোগ পাওয়া গেলে উক্ত প্রতিষ্ঠানের ফলাফল স্থগিত থাকবে।

৩.২ বোর্ডের নীতিমালা অনুযায়ী পরীক্ষা সমাপ্তির পর কেন্দ্র ফি-বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা/মূল্যায়ণ সংক্রান্ত কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে বন্টন করতে হবে। এ ক্ষেত্রে অন্যান্য বন্টন হারের পাশাপাশি ধারাবাহিক মূল্যায়ন (তাত্বিক) ও ধারাবাহিক মূল্যায়ন (ব্যবহারিক)-এর বরাতে সংশ্লিষ্ট শিক্ষকও পরিক্ষার্থী প্রতি ১.৫০ টাকা হারে প্রতি বিষয়ে প্রতি দফায় প্রাপ্য হবেন।

৩.৩ ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর অভ্যন্তরিণ/অনাভ্যন্তরিণ ব্যবহারিক পরীক্ষকগণ বোর্ড প্রবর্তিত হারে (২ ঘন্টার বিষয়ের জন্য পরীক্ষার্থী প্রতি ৭.৫০ টাকা এবং ৩ ঘন্টা বিষয়ের জন্য পরীক্ষার্থী প্রতি ১০.০০ টাকা) পারিশ্রমিক প্রদান করতে হবে।অবশিষ্ট অর্থ দরকারি কাঁচামাল সংগ্রহের জন্য ব্যয় করতে হবে।

৩.৪ বাস্তব প্রশিক্ষণের ফি-বাবদ আদায়কৃত টাঃ ৫০/- দ্বারা বাস্তব প্রশিক্ষণ সংক্রান্ত কাজের ব্যয়ভার মিটাতে হবে।

৩.৫ পরীক্ষা সমাপ্তির পর কেন্দ্রের ব্যয়ের একটি সামগ্রিক হিসাব স্থানীয় প্রশাসন কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করে PF এর হার্ডকপি, হাজিরাশিট জমাদানের সময় বোর্ডের ভোকেশনাল শাখায় জমা দিতে হবে (৭মতলা)।

৪. পরীক্ষার্থীদের শ্রেণি বিন্যাস

৪.১ ২০১৯ শিক্ষাবর্ষে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীগণ ২০২০ সনে অনুষ্ঠেয় এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে গণ্য হবে।

৪.২ ২০১৯ সনে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় এক/একাধিক বিষয়ে অনুত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২০ সনে অনুষ্ঠেয় এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে শুধুমাত্র অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে।

৪.৩ যেসকল অনিয়মিত পরীক্ষার্থী ২০১৯ সানের পরীক্ষায় এবং তার পূর্বের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই, এরূপ পরীক্ষর্থীগণ ২০২০ সনে অনুষ্ঠেয় এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ৩০০/- টাকা হারে সংযোগরক্ষাকারী ফি প্রদানপূর্বক অংশ গ্রহণ করতে পারবে।

৫. নিম্নোক্ত ছক অনুযায়ী বোর্ড থেকে প্রবেশপত্র এবং অন্যান্য কাগজপত্র সরবরাহ করা হবে:

ক্রমিক নং	তারিখ ও বার	জেলার নাম ও কোড
১.	০১/০১/২০২০খ্রি. (বুধবার)	পঞ্চগড় (১১), ঠাকুরগাঁও (১২), দিনাজপুর(১৩), নীলফামারী (১৪)
২.	০২/০১/২০২০খ্রি (বৃহস্পতিবার)	লালমনিরহাট (১৫), রংপুর (১৬), কুড়িগ্রাম (১৭)
৩.	০৫/০১/২০২০খ্রি. (রবিবার)	গাইবান্ধা (১৮), জয়পুরহাট (১৯), বগুড়া (২০)
৪.	০৬/০১/২০২০খ্রি. (সোমবার)	নওগাঁ (২১), চাঁপাইনবাবগঞ্জ (২২), রাজশাহী (২৩)
৫.	০৭/০১/২০২০খ্রি. (মঙ্গলবার)	নাটোর (২৪), সিরাজগঞ্জ (২৫)
৬.	০৮/০১/২০২০খ্রি. (বুধবার)	পাবনা (২৬), কুষ্টিয়া (২৭), মেহেরপুর (২৮), চুয়াডাংগা (২৯)
৭.	০৯/০১/২০২০খ্রি. (বৃহস্পতিবার)	ঝিনাইদহ (৩০), মাগুরা (৩১), নড়াইল (৩২), যশোর (৩৩)
৮.	১২/০১/২০২০খ্রি. (রবিবার)	সাতক্ষীরা (৩৪), খুলনা (৩৫), বাগেরহাট (৩৬), পিরোজপুর (৩৭), বরগুনা (৩৮)
৯.	১৩/০১/২০২০খ্রি. (সোমবার)	পটুয়াখালী (৩৯), ভোলা (৪০), ঝালকাঠী (৪১), বরিশাল (৪২), শরিয়তপুর (৪৩), মাদারীপুর (৪৪), গোপালগঞ্জ (৪৫)
১০.	১৪/০১/২০২০খ্রি. (মঙ্গলবার)	ফরিদপুর (৪৬), রাজবাড়ী (৪৭), মানিকগঞ্জ (৪৮), মুন্সিগঞ্জ (৪৯)
১১.	১৫/০১/২০২০খ্রি. (বুধবার)	ঢাকা (৫০), নারায়নগঞ্জ (৫১), নরসিংদী (৫২), গাজীপুর (৫৩)
১২.	১৬/০১/২০২০খ্রি. (বৃহস্পতিবার)	টাঙ্গাইল (৫৪), জামালপুর (৫৫), শেরপুর (৫৬)
১৩.	১৯/০১/২০২০খ্রি. (রবিবার)	ময়মনসিংহ (৫৭), নেত্রকোণা (৫৮), কিশোরগঞ্জ (৫৯)
১৪.	২০/০১/২০২০খ্রি. (সোমবার)	সুনামগঞ্জ (৬০), সিলেট (৬১), মৌলভীবাজার (৬২), হবিগঞ্জ (৬৩), ব্রাহ্মণবাড়িয়া (৬৪), কুমিল্লা (৬৫), চাঁদপুর (৬৬)

১৫.	২১/০১/২০২০খ্রি. (মঙ্গলবার)	লক্ষ্মীপুর (৬৭), নোয়াখালী (৬৮), ফেনী (৬৯), চট্টগ্রাম (৭০), খাগড়াছড়ি(৭১), রাঙ্গামাটি (৭২), বান্দরবান (৭৩), কক্সবাজার (৭৪)

৫.১ কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের TC, PC এর হার্ডকপি বোর্ডে জমা দেয়া ব্যতিত প্রবেশপত্র সরবরাহ করা হবে না।

৫.২ অনুচ্ছেদ ১.৬ এর তালিকা অনুযায়ী যাচাই করে প্রবেশপত্র গ্রহণ করতে হবে। ভুল তথ্য সম্বলিত প্রবেশপত্র পরীক্ষার পূর্ব দিন পর্যন্ত সংশোধন করা যাবে।

৫.৩ কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের উত্তরপত্র গ্রহণের জন্য সংযুক্ত চাহিদা ফরম-১ ও ২ পূরণ করে আনতে হবে।

৫.৪ কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের উত্তরপত্র ব্যবহারের জন্য রেজিস্টার পরিচালনা করতে হবে এবং পরীক্ষা শেষে উদ্বৃত্ত উত্তরপত্র ফেরতসহ হিসাব দাখিল করতে হবে।

৬. অন-লাইনে ধারাবাহিক (TC, PC) নম্বর প্রেরণ এবং এর হার্ড কপি বোর্ডে জমাদান:

৬.১ ২০২০ সনে অনুষ্ঠেয় এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক (TC) ও ব্যবহারিক ধারাবাহিক (PC) নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে ১৭/১২/২০১৯ খ্রি. হতে ৩১/১২/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অন-লাইনে প্রেরণ করিতে হবে এবং যথাসময়ে এ নম্বর প্রেরণে ব্যর্থ হলে তার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।

৬.২ TC, PC-এর হার্ডকপিসমূহ বিষয়ভিত্তিক রোলের ক্রম অনুযায়ী সাজিয়ে বহি আকারে বাঁধাই করে জমা দিতে হবে। কোন অবস্থাতেই এই হার্ডকপিসমূহ ট্রেডভিত্তিক দেয়া যাবে না।

৬.৩ কোন পরীক্ষার্থীর TC, PC -এর নম্বর Online এ প্রেরণ করা না হলে ঐ পরীক্ষার্থীর প্রবেশপত্র ইস্যু করা হবে না। অনিয়মিত পরীক্ষার্থীদের ধারাবাহিক নম্বরও পুনরায় প্রেরণ করতে হবে।

৬.৪ অন-লাইনে প্রেরিত কপির হুবহু হার্ডকপি দাখিল করতে হবে। কোনরূপ ঘষামাজা, হাতে লেখা এবং উপরিলিখন গ্রহণযোগ্য নয়।

৬.৫ যে সকল প্রতিষ্ঠান কোন কেন্দ্রের অধীন, তাদের TC, PC -এর হার্ডকপি প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলসহ কেন্দ্র সচিবের নিকট বোর্ডে জমা দেয়ার তারিখের পূর্বেই পাঠাতে হবে অন্যথায় ঐ প্রতিষ্ঠানের প্রবেশপত্র দেয়া হবে না।

৭. ব্যবহারিক সমাপনী পরীক্ষা (PF):

তাত্ত্বিক পরীক্ষা সমাপ্তির ০৩ দিনের মধ্যে ব্যবহারিক সমাপনী পরীক্ষা অনুষ্ঠান করতে হবে। এর পরপরই অন-লাইনে ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রেরণ করতে হবে। অন-লাইনে প্রেরিত ব্যবহারিক নম্বরের হার্ডকপি ও হাজিরাশীট, শিরোনামপত্র, অনুপস্থিত ও বহিস্কার তালিকা অবশ্যই রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে বহি আকারে বাঁধাই করে নির্ধারিত তারিখে বোর্ডে জমা দিতে হবে।

৮. বাস্তব প্রশিক্ষণ (IA):

অন-লাইনে বাস্তব প্রশিক্ষণ (IA) মূল্যায়নের নম্বর প্রেরণ ও ইহার হার্ডকপি জমাদানঃ পরীক্ষার সময়সূচিতে নির্দেশিত তারিখে মধ্যে বাস্তব প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে এবং প্রশিক্ষণের ৬ষ্ঠ সপ্তাহে বোর্ড নির্ধারিত তারিখেই নম্বর অন-লাইনে প্রেরণ করে হার্ডকপি বোর্ডে জমা দিতে হবে। IA এর হার্ডকপিতে অবশ্যই কেন্দ্র সচিবের স্বাক্ষর, তারিখ ও সীল থাকবে। অন্যথায় ফলাফল প্রকাশে বিঘ্ন ঘটলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।

৯. অনুসরণীয় বিশেষ নির্দেশাবলিঃ

৯.১ প্রিন্ট আউট কপিতে প্রত্যেক পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণের করার পূর্বে সকল তথ্যাদির যথাযথতা নিশ্চিত হতে হবে, যেহেতু এরই ভিত্তিতে প্রবেশপত্র তৈরি হবে। প্রবেশপত্র সংশোধনের জন্য প্রিন্ট আউট কপি আবশ্যক।

৯.২ প্রবেশপত্রে নিজ নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, বিষয় ও বিষয় কোডে ভুল থাকলে, তা সংশোধন না করে পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

৯.৩ বোর্ডে প্রেরিত যেকোনো তথ্যের হার্ডকপি/নম্বরপত্রের/হাজিরাশিটের ফটোকপি প্রতিষ্ঠানে/কেন্দ্রে সংরক্ষণ করতে হবে, যাতে যেকোনো সময় বোর্ডের চাহিদা অনুযায়ী এগুলো উপস্থাপন করতে পারেন।

৯.৪ পরীক্ষার্থীর তথ্য (অনুপস্থিত ও বহিস্কার সংক্রান্ত), হাজিরাশীট (রোল নম্বরের ক্রম অনুযায়ী সাজিয়ে বই আকারে বাঁধাই করে), শিরোনামপত্রের ৩য় কপি (শিরোনামপত্রে পূর্ণ রোল নম্বর লিখতে। প্রয়োজনে একাধিক শিরোনামপত্র ব্যবহার করা যাবে) এবং সকল নম্বর পত্রের হার্ডকপি একত্রে কেন্দ্রের মাধ্যমে হাতে হাতে পরীক্ষা শেষ হওয়ার ৩ দিনের মধ্যে বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় বোর্ড নির্ধারিত জরিমানাসহ সংশ্লিষ্ট

কেন্দ্রের/প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯.৫ সংশ্লিষ্ট প্রবিধান মোতাবেক বিষয়ভিত্তিক উত্তীর্ণমান, পূর্ণমান এবং প্রাপ্ত নম্বর ইত্যাদিসহ কারিকুলাম কোড, ট্রেডকোড, বিষয়কোড অন-লাইনে শুদ্ধরূপে প্রদান করতে হবে। প্রতিষ্ঠান/কেন্দ্রের কোনরূপ ভুলের কারণে শিক্ষার্থীর ক্ষতি হলে তার দায়-দায়িত্ব প্রতিষ্ঠান/কেন্দ্রকেই বহন করতে হবে।

৯.৬ কোন পরীক্ষার্থীর ফরম পুরণ হলে অবশ্যই ধারাবাহিক নম্বর অনলাইনে বোর্ডে প্রেরণ করতে হবে (সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলেও)।

৯.৭ কোন পরীক্ষার্থী তাত্ত্বিক, ধারাবাহিক এবং ব্যবহারিক ধারাবাহিক অংশে অনুত্তীর্ণ থাকলে তার ফলাফল বাতিল বলে গণ্য হবে এবং দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।

৯.৮ পরীক্ষায় পরীক্ষার্থীদের নতুন রেজিস্ট্রেশন নম্বর (১০ ডিজিট) ও বিষয় কোড (৫ ডিজিট) নির্ভুলভাবে পূরণের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯.৯ বোর্ডের রেকর্ডে প্রতিষ্ঠান প্রধানের হাল নাগাদ মোবাইল নম্বর এন্ট্রি করে দিতে হবে ও তাঁকে নিয়মিত বোর্ডের ওয়েবসাইট দেখতে হবে।

৯.১০ অনিয়মিত/অকৃতকার্য পরীক্ষার্থীর ফরম পূরণের বিষয়ে পূর্ব থেকেই প্রতিষ্ঠানের রেকর্ড অনুযায়ী প্রতিষ্ঠান প্রধানকে বিশেষভাবে যত্নশীল হতে হবে এবং নির্দিষ্ট তারিখের পরে ফরম পূরণের বিষয়ে নিরুৎসাহিত করা হচ্ছে।

১০.০ সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দেয়ার বিস্তারিত নিয়মাবলী নিম্নে Flow Chart এ উল্লেখ করা হলো।(সংযুক্ত ফ্লোচার্ট ০২ পাতা ও চাহিদা ফরম ০২ পাতা)



২১-১০-২০১৯

ড. প্রকৌঃ সুশীল কুমার পাল

পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

৩) মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৪) মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর

৫) বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৬) পরিচালক, ভোকেশনাল, কারিগরি শিক্ষা অধিদপ্তর

৭) উপপরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮) উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৯) উপসচিব (চলতি দায়িত্ব), রেজিস্ট্রেশন শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

১০) সিস্টেম এনালিস্ট-১, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

১১) অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক, ..., ...

১২) প্রেস ম্যানেজার, প্রেস শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

১৩) ইনফরমেশন অফিসার , সংস্থাপন শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

১৪) সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৫) চেয়ারম্যানের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

সোনালী সেবার মাধ্যমে ফরম পূরণের ফি জমা দেয়ার বিস্তারিত নিয়মাবলী নিম্নে Flow Chart এ উল্লেখ করা হলো (ধাপ:০১-০৫):

** নবম শ্রেণিতে যারা সফলতার সাথে Payment দিয়েছেন, তাদের জন্য ধাপ:০১-০৩ প্রযোজ্য নয়।

ধাপ-০১ (Form Fillup):

www.bteb.gov.bd ⇒ ফরম ফিলাপ ⇒ এসএসসি পর্যায় ⇒ SSC/DAKHIL VOC X Form Fillup-2020

Course Curriculum	27 –SSC (Vocational) or 77-Dakhil (Vocational)
Exam Year	2020
Institution Code	
Password	
Login	

⇓

Probable List

SL NO	REG & SESS	STUDENT'S NAME	FATHER'S NAME MOTHER'S NAME	TRADE /TECH	SUBJECTS	APPLY

⇒ Final List এ যেতে হবে।

ধাপ-০২: Payment Summary [১১/১১/১৯ খ্রি. হতে ১৪/১১/১৯ খ্রি. পর্যন্ত কাজ করবে]

[Payment Summary List]

SL No	Service	Payment Category	Amount	Comments
১.	Form Fillup X	(Irregular) ২X৪৬০	৯২০	Irregular but passed in IA
২.	Form Fillup X	(Irregular) ১X৫৩০	৫৩০	Irregular & failed in IA
৩.	Form Fillup X	(Regular) ৩৪X৬৩০	২১,৪২০	
৪.	Form Fillup X	(Songjog) ২X৭৬০	১,৫২০	
		(Total) ৩৯	২৪,৩৯০	

⇓

Click for Online Payment

⇓

Institute Name: আপনার প্রতিষ্ঠানের নাম ও কোড দেখতে পাবেন।

Your Payment PIN is: ৬১০০০০
(Security PIN)

এ রকম ৬ অংকের একটি গোপনীয় নম্বর স্বয়ংক্রিয়ভাবে আসবে এবং রেজিস্ট্রেশন এর ধাপে গিয়ে তা ব্যবহার করতে হবে।

⇓

Click Here for Online Payment Registration

এরপর Online Payment PIN Collection করতে হবে।

ধাপ-০৩: Registration কার্যক্রম সম্পন্নকরণঃ

E-mail	প্রতিষ্ঠানের ই-মেইল দিতে হবে।
Mobile No.	প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর দিতে হবে।
Security PIN	গোপনীয় নম্বরটি দিতে হবে।
Select.................	প্রতিষ্ঠান কোড টাইপ করলে প্রতিষ্ঠানের নাম চলে আসবে।
Password	টাকা জমার জন্য নিজ থেকে একটি গোপন নম্বর দিতে হবে।
Confirm Password	পুনরায় উক্ত গোপন নম্বরটি দিতে হবে।
	SIGN UP

Go and login

ধাপ-০৪:(Login to System)[Sonali Bill Payment System For BTEB এ প্রবেশ করা।]

Institute ID	নিজ প্রতিষ্ঠানের ID/কোড দিতে হবে।
Password	টাকা জমার গোপন নম্বরটি দিতে হবে।

LOGIN

⇩

Sonali Bill Payment System For BTEB

⇩

Institute Payment:

Home	Institute Payment	Institute Payment Search	Password Change	Logout

⇧

Curriculum	*-Select-*	SSC_VOC/Dakhil_VOC বাছাই করতে হবে।
Fee Type	*-Select-*	svoc_x_2020 বাছাই করতে হবে।
Service	*-Select-*	form_fillup বাছাই করতে হবে।

⇩

If PAID STATUS is **PAID,** 'Print Button is shown. You will also get the PAID ID and PAID DATE. Voucher will be printed if you click on the 'Print' Button.

If PAID STATUS is **PENDING**, 'Print Button is shown. You will also get the PAID ID. Voucher will be printed if you click on the 'Print' Button.

If PAID STATUS is **UNPAID**, 'For Payment' Button is shown. If you Click on this button, your payment Request will be successful.

⇩

Print Voucher

You can print the voucher by clicking on 'Print Voucher' Button.

BTEB COUNTER PAYMENT VOUCHER এর তিনটি অংশ থাকবে। একটি অংশ ব্যাংকে রাখবে, আর একটি অংশ নিজের কাছে ও অন্যটি বোর্ডের জন্য।

ধাপ-০৫: Curriculum, Service, Fee type and Transaction status থেকে আপনার Payment history দেখতে পাবেন।

চাহিদা ফরম- ১

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

কেন্দ্র কোড ঃ

২০২০ সালের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা পরিচালনার জন্য উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত আনুসঙ্গিক ফরমসমূহের চাহিদা নিম্নে প্রদত্ত হল।

কেন্দ্রের নাম ঃ -- জেলা ঃ ------------

ক্রমিক নং	ট্রেডের নাম	মোট পরীক্ষার্থী	তত্ত্বীয় পরীক্ষার বিষয় সংখ্যা	মোট উত্তরপত্রের সংখ্যা	মন্তব্য
১.					
২.					
৩.					
৪.					
৫.					
৬.					
৭.					
৮.					
৯.					
১০.					
১১.					
১২.					
সর্বমোট=			--		

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল মোহর

চাহিদা ফরম- ২

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

কেন্দ্রের নাম ঃ --- কেন্দ্র কোডঃ

জেলার নাম ঃ ---------------------- মোট পরীক্ষার্থীঃ

ক্রমিক নং	বিবরণ	মোট চাহিদা	কেন্দ্র মজুদের পরিমাণ	বর্তমান চাহিদা	মন্তব্য
	উত্তরপত্র (লিথো সহ) (মোট উত্তরপত্র + ২%)				
	অতিরিক্ত উত্তরপত্র (উত্তরপত্রের সমপরিমাণ)				
	বক্স (মোট পরীক্ষার্থী × মোট বিষয়)/২০০				
	করোগেটেড সীট (মোট পরীক্ষার্থী ×বিষয়)/৫০				
	শিরোনামপত্র (বিষয় × পরীক্ষার্থী × ৪)/১০০				এ ফরমগুলো বোর্ডের ওয়েবসাইট থেকেও ডাউনলোড করা যায়। (ওয়েবসাইট→ ডাউনলোড→ ফরম)
	বান্ডেল লেবেল (মোট পরীক্ষার্থী × বিষয়)/১০০				
	হাজিরা শীট (মোট পরীক্ষাথীর সমপরিমাণ)				
	সনদপত্র/নম্বরপত্র উত্তোলনের আবেদন ফরম				
	ফরম নং - ১, ২, ৩ (বহিস্কার ফরম)				

মোবাইলঃ

কেন্দ্র সচিবের স্বাক্ষর ও সীল মোহর